

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৫২

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ সানার একটি দু'আ

আরবী

عَن أَنَسٍ أَنَّ رَجُلاً جَاءَ فَدَخَلَ الصَّفَّ وَقَدْ حَفَزَهُ النَّفَسُ فَقَالَ الْحَمْدُ لِلهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ فَلَمَّا قَضَى رَسُولُ اللهِ عَلَيْ صَلاَتَهُ قَالَ أَيُّكُمُ الْمُتَكَلِّمُ بِالْكَلِمَاتِ فَأَرَمَّ الْقُوْمُ فَقَالَ أَيُّكُمُ الْمُتَكَلِّمُ بِالْكَلِمَاتِ فَأَرَمَّ الْقَوْمُ فَقَالَ أَيُّكُمُ الْمُتَكَلِّمُ بِهَا فَإِنَّهُ لَمْ يَقُلْ بَأْسًا فَقَالَ رَجُلٌ جِئْتُ وَقَدْ حَفَزَنِى النَّفَسُ فَقَالَ أَيُّكُمُ الْمُتَكَلِّمُ بِهَا فَإِنَّهُ لَمْ يَقُلْ بَأْسًا فَقَالَ رَجُلٌ جِئْتُ وَقَدْ حَفَزَنِى النَّفَسُ فَقَالَ لَقَدْ رَأَيْتُ اثْنَى عَشَرَ مَلَكًا يَبْتَدِرُونَهَا أَيُّهُمْ يَرْفَعُهَا

বাংলা

(৬৫২) আনাস (রাঃ) বলেন, 'এক ব্যক্তি হাঁপাতে হাঁপাতে কাতারে শামিল হয়ে বলল, (الْحَمْدُ للهِ حَمْداً كَثِيْراً) উচচারণঃ আলহামদু লিল্লা-হি হাম্দান কাসীরান ত্বাইয়্যিবাম মুবা-রাকান ফীহ। অর্থঃ আল্লাহর জন্য সকল প্রশংসা; যে প্রশংসা অজস্র, পবিত্র ও প্রাচুর্যময়।

আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায শেষ করার পর বললেন, তোমাদের মধ্যে কে ঐ দু'আ পাঠ করেছে? লোকেরা সকলে চুপ থাকল। পুনরায় তিনি বললেন, কে বলেছে ঐ দু'আ? যে বলেছে, সে মন্দ বলে নি। উক্ত ব্যক্তি বলল, আমিই হাঁপাতে হাঁপাতে এসে বলে ফেলেছি। তিনি বললেন, আমি ১২ জন ফিরিশতাকে দেখলাম, তাঁরা ঐ দু'আ (আল্লাহর দরবারে) উপস্থিত করার জন্য প্রতিযোগিতা করছে!

ফুটনোট

(মুসলিম ১৩৮৫, আবৃ দাউদ ৭৬৩, নাসাঈ ৯০১ আবৃ আওয়ানাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন